

ঢাবি সিনেটে রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনের প্রথম দিনেই কারচুপির অভিযোগ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটে ২৫ রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনে প্রথম দিনেই বৃহস্পতিবার কারচুপি ও অনিয়মের অভিযোগ করেছেন মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী গণতান্ত্রিক ঐক্য পরিষদের কর্মী ও নেতৃবৃন্দ। তাঁরা অভিযোগ করেছেন ভোঁর্না কেন্দ্রে তাদের এজেন্টদের বের করে দিয়ে কারচুপি করা হয়েছে। এ জন্য তাঁরা এই কেন্দ্রের ভোট বাতিল করে নতুন করে নতুন কেন্দ্রে ভোট গ্রহণের দাবি জানিয়েছেন। পাশাপাশি তাঁরা অন্যান্য কেন্দ্রেও কারচুপি ও অনিয়মের আশঙ্কা প্রকাশ করেছেন।

বৃহস্পতিবার ঢাকার বাইরে ২০টি কেন্দ্রে নির্বাচন অনুষ্ঠিত হয়। বিভিন্ন কেন্দ্রে নির্বাচন সূষ্ঠ হলেও ভোলা কেন্দ্রে জাতীয়তাবাদী ঐক্য পরিষদের সমর্থকরা গণতান্ত্রিক ঐক্য পরিষদের ৫ এজেন্টকে কেন্দ্র থেকে বের করে দিয়ে কারচুপি করেছে বলে গণতান্ত্রিক ঐক্য পরিষদের প্রার্থী ও নেতৃবৃন্দ অভিযোগ করেছেন। তাঁরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছেও এ ব্যাপারে লিখিত অভিযোগ করেছেন। বৃহস্পতিবার সন্ধ্যায় শাহবাগস্থ গণতান্ত্রিক ঐক্য পরিষদের অস্থায়ী কার্যালয়ে এক প্রেস ব্রিফিংয়ে প্রার্থী ও নেতৃবৃন্দ এসব অভিযোগ করেন।

তাঁরা জানান, ভোলা কেন্দ্রে ১১ ভোটার তাদের ভোট দেয়ার পর পরই জাতীয়তাবাদী ঐক্য পরিষদের সমর্থকরা তাঁদের (গণতান্ত্রিক ঐক্য পরিষদ) পাঁচ এজেন্টকে কেন্দ্র থেকে বের করে দিয়ে কারচুপি করে। পাঁচ এজেন্ট হলেন পিটন, কামাল, তুখার, তুহিন ও জুয়েল। নেতৃবৃন্দ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট নির্বাচনে এজেন্টদের বের করে দেয়া নজীরবিহীন ঘটনা। তাঁরা এটি কলঙ্কজনক অধ্যায় বলে অভিহিত করেন।

তাঁরা এই কেন্দ্রের ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজের কাছে লিখিত অভিযোগ করেছেন বলে জানিয়েছেন। তাঁরা এই কেন্দ্রের ভোট বাতিল করে নতুন করে নতুন জায়গায় ভোট গ্রহণের দাবি জানান।